প্রথম আলো

11 FEB 2015
20

এসএসসি ও সমমান

# কালকের পরীক্ষা হবে কি না আজ সিদ্ধান্ত

নিজস্ব প্রতিবেদক ●

বিএনপির নেতৃত্বাধীন ২০-দলীয় জোটের হরতালের কারণে আবারও অনিশ্চয়তার মুখে পড়েছে চলমান এসএসসি ও সমমানের পরীক্ষা। গত রোববার থেকে শুরু হওয়া ৭২ ঘণ্টার হরতাল শুক্রবার সকাল ছয়টা পর্যন্ত বৃদ্ধি করায় আগামীকাল বৃহস্পতিবারের পরীক্ষা হবে কি না, তা স্পষ্ট করেনি শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল মঙ্গলবার বেলা সাড়ে তিনটার দিকে সংবাদ সম্মেলন করে বৃহস্পতিবার পরীক্ষার আগে ও পরে দুই ঘণ্টা করে হরতাল প্রত্যাহারের জন্য ২০-দলীয় জোটের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আশা করেন, ২৪ ঘণ্টার মধ্যে এ বিষয়ে ইতিবাচক সাড়া পাবেন। ২৪ ঘণ্টা অপেক্ষার পর আজ বুধবার বিকেল চারটার মধ্যেই জানানো হবে বৃহস্পতিবার পরীক্ষা হবে কি না।

বৃহস্পতিবার এসএসসির ধর্ম ও নৈতিক শিক্ষাবিষয়ক পরীক্ষা হওয়ার কথা রয়েছে। মন্ত্রণালয়ের সূত্রগুলো বলছে, হরতাল প্রত্যাহার না হলে আবারও পরীক্ষা পেছানো হতে পারে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী হরতালের মধ্যে পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত আছে। তবে অবরোধে পরীক্ষা হবে।

হরতালের কারণে এখন পর্যন্ত পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী একটি পরীক্ষাও হয়নি। এর আগে হরতালের কারণে মোট চার দিনের পরীক্ষা পেছানো হয়েছিল। এর মধ্যে প্রথম দুই দিনের পরীক্ষা অবরোধের মধ্যে গত শুক্র ও শনিবার হয়েছে। বাকি দুই দিনের পরীক্ষা আগামী শুক্র ও শনিবার হবে।

একের পর এক পরীক্ষা পিছিয়ে যাওয়ায় পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের মধ্যে উদ্বেগ-উৎকণ্ঠা বাড়ছে। একাধিক অভিভাবক *প্রথম আলোকে* বলেছেন, দেখেশুনে মনে হচ্ছে, এখন এই পরীক্ষাকে বাধাগ্রস্ত করতেই একের পর এক হরতাল ডাকা হচ্ছে। কারণ, ২ ফেব্রুয়ারি থেকেই হরতালের সময়সীমা বাড়ছে। তাঁরা পৌনে ১৫ লাখ পরীক্ষার্থীর কথা বিবেচনা করে অন্তত পরীক্ষার সময়টুকু হরতালের আওতামুক্ত রাখার দাবি করেছেন।